

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিএসইসি (BSEC), বিশ্বব্যাংক (World Bank) ও ইউএস এসইসি (U.S. Securities and Exchange Commission) এর যৌথ উদ্যোগে আয়োজিত 'Conference on Enhancing Securities Regulation' শীর্ষক কর্মশালার উদ্বোধন প্রসঙ্গে।

অদ্য ২৭ অক্টোবর ২০২৪ তারিখে বিএসইসি (BSEC), বিশ্বব্যাংক (World Bank) ও ইউএস এসইসি (U.S. Securities and Exchange Commission) এর যৌথ উদ্যোগে আয়োজিত 'Conference on Enhancing Securities Regulation' শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত কর্মশালার উদ্বোধন করেন বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ। ২৭ অক্টোবর ২০২৪ হতে ৩০ অক্টোবর ২০২৪ পর্যন্ত চারদিন ব্যাপি আয়োজিত উক্ত কর্মশালায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC), অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (FID), বাংলাদেশ ব্যাংক (Bangladesh Bank) ও ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি'র (DSE) কর্মকর্তা ও প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করছেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ ও বিএসইসি'র কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্ট অনেকে উপস্থিত ছিলেন।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখেন বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ। এছাড়াও কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্বব্যাংকের সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট Mr. Zsolt Bango, ইউএস এসইসি এর Associate Director Mr. Paul Gumagay এবং ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের ইকোনোমিক অফিসার Mr. James Gardiner বক্তব্য রাখেন।

কর্মশালা উদ্বোধনী বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ কর্মশালায় অংশগ্রহণকারী এবং কর্মশালা আয়োজনের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি অন্যান্যের মধ্যে বলেন, “আমরা সৌভাগ্যবান যে, ইউএস এসইসি এবং বিশ্বব্যাংকের সহায়তায় পুঁজিবাজারের ক্ষেত্রে অসাধারণ দক্ষতা ও অভিজ্ঞতা রয়েছে এমন অভিজ্ঞদের দ্বারা এধরণের একটি কর্মশালা আয়োজন করতে পেরেছি। এই ধরণের কর্মশালা সমস্ত অংশীজনদের পুঁজিবাজার দায়িত্ব পালনের ক্ষেত্রে একে অপরের দৃষ্টিভঙ্গিলিকে আরও ভালভাবে বুঝতে সহায়তা করবে। আমরা বিশ্বব্যাংক এবং ইউএস এসইসির সাথে সফল দীর্ঘমেয়াদী অংশীদারিত্ব ও সহযোগিতামূলক কার্যক্রম আয়োজনে বরাবরই আগ্রহী ছিলাম। এধরণের অংশীদারিত্ব ও সহযোগিতামূলক কার্যক্রম বিশ্বব্যাংকের সাথে আমাদের সম্পর্কে আরো শক্তিশালী করবে।” দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও কল্যাণের স্বার্থে আগামীতে এধরণের আরো অনেক কার্যক্রম পরিচালিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের ইকোনোমিক অফিসার Mr. James Gardiner অন্যান্যের মধ্যে বলেন, বাংলাদেশের উন্নয়নে এবং এদেশের অর্থনীতি খাতের প্রয়োজনীয় সংস্কারে সহায়ক ভূমিকা রাখতে যুক্তরাষ্ট্র প্রতিজ্ঞাবদ্ধ। আয়োজিত কর্মশালার প্রসঙ্গে তিনি বলেন, ৫ই আগস্ট পরবর্তী এটিই বাংলাদেশে এ ধরণের প্রথম কার্যক্রম। পরিবর্তনের বাংলাদেশে নতুনদের হাত ধরে ভালো কিছু হোক এমনটাই তারা প্রত্যাশা করেন বলে জানান তিনি। তিনি কর্মশালা আয়োজনের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ দেন।

বিশ্বব্যাংকের সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট Mr. Zsolt Bango অন্যান্যের মধ্যে বলেন, বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়নে World Bank J-CAP Mission এর আওতায় বিশ্বব্যাংক ও আইএফসি বাংলাদেশে অর্থনৈতিক খাতের উন্নয়নে কাজ করছে। বাংলাদেশের পুঁজিবাজারকে আরো উন্নত, আধুনিক ও সমৃদ্ধ করতে বিশ্বব্যাংক নানা ধরণের অংশীদারিত্ব ও সহযোগিতামূলক কার্যক্রম পরিচালনা করছে বলে উল্লেখ করেন তিনি। বাংলাদেশের পুঁজিবাজারকে এগিয়ে নিতে প্রযুক্তি ও কারিগরি সহায়তার সাথে সাথে মানবসম্পদের উন্নয়নে তারা কাজ করছে বলে জানান তিনি।

কর্মশালায় ইউএস এসইসি (U.S. Securities and Exchange Commission) এর Risk Strategist Mr. Nitish Bahadur, ইউএস এসইসি এর Associate Director Mr. Paul Gumagay, ইউএস এসইসি এর Branch Chief Mr. Tom Swiers, ইউএস এসইসি এর Senior Special Counsel Mr. Celeste M. Murphy পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ সেশন পরিচালনা করেন।

আয়োজিত কর্মশালার মাধ্যমে দেশের পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC), অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (FID), বাংলাদেশ ব্যাংক (Bangladesh Bank) ও ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি'র (DSE) কর্মকর্তা ও প্রতিনিধিবৃন্দদের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং আগামীতে এটি দেশের পুঁজিবাজারের জন্য সুফল বয়ে আনবে বলে আশা করা যাচ্ছে।

মো. মোহাইমিনুল হক

জনসংযোগ কর্মকর্তা ও মুখপাত্র (অতিরিক্ত দায়িত্ব)

